# বাংলাদেশ কৃষি ব্যাংক

## আঞ্চলিক কার্যালয়, লাকসাম।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, লাকসাম এর অক্টোবর-২০২০ হতে ডিসেম্বর-২০২০ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতার কমিটির সভার কার্যাবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, আঞ্চলিক ব্যবস্থাপক |
| তারিখ ও সময় | ঃ ২৮-১২-২০২০ খ্রিঃ, বিকাল ঃ ৪.০০ ঘটিকা। |
| স্থান | ঃ আঞ্চলিক কার্যালয়, লাকসাম। |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট"ক" |

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠ, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহবান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ছিদ্দিকুর রহমান অক্টোবর-২০২০ হতে ডিসেম্বর-২০২০ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভার নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে ২০২০-২০২১ অর্থ বছরের কর্মপরিকল্পনা আগামী ৩০-০৯-২০২০ এর মধ্যে পরিকল্পনা প্রণয়ন পূর্বক ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।

খ) ঋণ আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগনকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনামূলক পোস্টার শাখায় টাঙ্গানো অত্যাবশ্যক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ সঠিক ভাবে পরিপালন বিষয়ে তদারকি করতে হবে।

গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্ত শাখা সমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। অক্টোবর-ডিসেম্বর-২০২০ ত্রৈমাসিক আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় অঞ্চলাধীন ২৫টি শাখা একাধিকবার পরিদর্শন করেছেন। কোন শাখার অর্ধ-বার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করা হলে আগামী ১৫ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে গনশুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানী করবেন এবং আগামী জানুয়ারী-২০২১ এর মধ্যে সকল শাখার গণশুনানী সম্পন্ন করা হবে।

29/12/2020

জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম
আঞ্চলিক ব্যবস্থাপক

আঁকা(লাক)প্রশা-৪১/২০২০-২০২১/

তারিখঃ ২৯-১২-২০২০ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ-অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, লাকসাম।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, লাকসাম অঞ্চল।
০৬। নথি/মহানথি।

29/12/2020

(মোঃ ছিদ্দিকুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা